

**প্রেস বিজ্ঞপ্তি**  
**জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ**  
**বিভিন্ন অপরাধে ৩৪টি প্রতিষ্ঠানকে ৩.৭৩ লক্ষ টাকা জরিমানা**

১৮ মে ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৯ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, কিশোরগঞ্জ, চট্টগ্রাম, খুলনা, যশোর, সিরাজগঞ্জ, ভোলা ও সুনামগঞ্জে আজ বাজার তদারকি করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক ইফতেখারুল আলম রিজভীর নেতৃত্বে ঢাকা মহানগরীর বনানী এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে DUMIOK রেস্টুরেন্টকে ১৫,০০০/- (পনের হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজনী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর গুলশান এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে লাইম এন্ড থাইমকে ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং অভিযোগের ভিত্তিতে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Saltz, লাইম এন্ড থাইম ও ফ্লোর-৬ কে যথাক্রমে ৪,০০০/- (চার হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও ৪,০০০/- (চার হাজার) টাকাসহ মোট ২৩,০০০/- (তেইশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং ৩ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ৩,২৫০/- (তিন হাজার দুইশত পঞ্চাশ) টাকা তাৎক্ষণিকভাবে প্রদান করা হয়।

চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক বিকাশ চন্দ্র দাসের নেতৃত্বে চট্টগ্রামের বন্দর থানা, ইপিজেট থানা ও পতেঙ্গা থানায় ৫টি প্রতিষ্ঠানকে ১,০০,৫০০/- (এক লক্ষ পাঁচশত) টাকা, কিশোরগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ইব্রাহীম হোসেনের নেতৃত্বে কিশোরগঞ্জের পাকুন্দিয়া উপজেলায় ৬টি প্রতিষ্ঠানকে ২৪,৫০০/- (চব্বিশ হাজার পাঁচশত) টাকা, সুনামগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহার নেতৃত্বে সুনামগঞ্জের জামালগঞ্জ উপজেলায় ৬টি প্রতিষ্ঠানকে ৩৩,০০০/- (তেত্রিশ হাজার) টাকা, যশোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সোহেল শেখের নেতৃত্বে যশোর সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকা, খুলনা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসানের নেতৃত্বে খুলনা মহানগরের বিভিন্ন এলাকায় ৫টি প্রতিষ্ঠানকে ৩১,০০০/- (একত্রিশ হাজার) টাকা, ভোলা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক নাজমুল হাসানের নেতৃত্বে ভোলার বোরহানউদ্দিন উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ১২,০০০/- (বার হাজার) টাকা এবং সিরাজগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ হাসানুজ্জামানের নেতৃত্বে সিরাজগঞ্জের উল্লাপাড়া উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকাসহ মোট ৩,৩৫,০০০/- (তিন লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ৯টি বাজার তদারকিতে ৪১টি প্রতিষ্ঠানকে মোট ৩,৭৩,০০০/- (তিন লক্ষ ত্রিশত হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানার টাকা হতে ৩ জন অভিযোগকারীদেরকে মং ৩,২৫০/- (তিন হাজার দুইশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, স্যানিটারী ইন্সপেক্টর, বাজার কর্মকর্তা, মৎস্য কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, র‍্যাভ ও ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-  
(আফরোজা রহমান)  
সহকারী পরিচালক

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

- ১। মহাপরিচালক, র‍্যাভ/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল ও সিলেট।
- ৪। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, ঢাকা মহানগর, কিশোরগঞ্জ, চট্টগ্রাম, খুলনা, যশোর, সিরাজগঞ্জ, ভোলা ও সুনামগঞ্জ।
- ৬। পুলিশ সুপার, ঢাকা মহানগর, কিশোরগঞ্জ, চট্টগ্রাম, খুলনা, যশোর, সিরাজগঞ্জ, ভোলা ও সুনামগঞ্জ।
- ৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।